

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৯২

আগরতলা, ০৫ জুলাই, ২০২৪

এইডস নিয়ন্ত্রণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে সচেতনতামূলক কর্মসূচি

ত্রিপুরা রাজ্য এইডস নিয়ন্ত্রণ সোসাইটি, ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন এবং ত্রিপুরা ওয়েব মিডিয়া ফোরামের যৌথ উদ্যোগে আজ সুকান্ত একাডেমির অডিটোরিয়ামে এইডস নিয়ন্ত্রণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে একদিনের সচেতনতামূলক কর্মসূচি আয়োজিত হয়। কর্মসূচিতে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য এইডস নিয়ন্ত্রণ সোসাইটির প্রজেক্ট অধিকর্তা ডাক্তার সমর্পিতা দত্ত। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর (ডা.) সঞ্জিব দেববর্মা বলেন, কমবয়সী ছেলেমেয়েরা আজকাল নেশার কবলে পড়ে এইডসের শিকার হচ্ছে। এই রোগ দেশের আগামী প্রজন্মকে একপ্রকার পঙ্ক করে দিতে পারে। এইডস রোগ সংক্রমণ প্রতিরোধে তিনি সংবাদ জগতের সঙ্গে যুক্ত সকলকে এইডস নিয়ন্ত্রণে সচেতনতা গড়ে তুলতে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিষ্ণুসার ভট্টাচার্য অনুষ্ঠানে বলেন, সচেতনতার অভাবে এইডস বেশী করে ছড়াচ্ছে। তিনি আশা করেন সাংবাদিকগণ এইডস প্রতিরোধে অন্যতম ভূমিকা গ্রহণ করতে পারেন। অনুষ্ঠানে এইডস নিয়ন্ত্রণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে আলোচনা করেন স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. সৌমিত্র মল্লিক। ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের সভাপতি প্রণব সরকার, এজিএমসি ডেপুটি সুপারিনিটেডেন্ট ডা. কণক চৌধুরী, ত্রিপুরা রাজ্য এইডস নিয়ন্ত্রণ সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভজিৎ ভট্টাচার্য, ত্রিপুরা টাইমস এর এক্সিকিউটিভ এডিটর মানস পাল, ত্রিপুরা ওয়েব মিডিয়া ফোরামের সচিব অভিযুক্ত দে প্রমুখ।

অনুষ্ঠানে রাজ্যের শিল্পীদের নিয়ে তৈরী বিরাট রায় চৌধুরীর এইডসের উপর এক সংবেদনশীল তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে এইডসের বিরুদ্ধে লড়াই করে বর্তমানে স্বাধীন ও স্বনির্ভর ভাবে জীবনযাপন করা পাপি সিনহা ও বিরাট রায় চৌধুরীকে সম্মর্ধনা জানানো হয়।
